

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ফেব্রুয়ারি ২০, ২০২৪

[একই স্মারক নম্বর ও তারিখে স্থলাভিষিক্ত হইবে]

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

সংশোধিত

তারিখ : ০৭ জানুয়ারি ২০২৪

বিষয়: ২৯৩ চট্টগ্রাম-১৬ সংসদীয় আসনের প্রতিদ্বন্দ্বী প্রার্থী জনাব মোস্তাফিজুর রহমান চৌধুরী এর বিরুদ্ধে নির্বাচনি অপরাধ সংঘটনের দায়ে Representation of the People Order, 1972 এর Article 91E এর Clause (2) এর বিধান অনুযায়ী তাঁর প্রার্থিতা বাতিল প্রসঙ্গে।

নং ১৭.০০.০০০০.০৪৫.৪৮.০১২.২৩ (অংশ-২)-৮৫—উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে ২৯৩ চট্টগ্রাম-১৬ সংসদীয় আসনের প্রতিদ্বন্দ্বী প্রার্থী জনাব মোস্তাফিজুর রহমান চৌধুরী Representation of the People Order, 1972 এর Article 73 ও Article 84A এর অধীনে নির্বাচনি অপরাধ সংঘটন করেছেন মর্মে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার ও জেলা প্রশাসক, চট্টগ্রাম এবং পুলিশ সুপার, চট্টগ্রাম মাননীয় নির্বাচন কমিশনে প্রতিবেদন দাখিল করেছেন।

০২। বর্ণিত প্রতিবেদনসমূহ পর্যালোচনায় উক্ত প্রার্থী কর্তৃক উপরিউক্ত নির্বাচনি অপরাধসমূহ সংঘটনের বিষয়টি প্রতীয়মান হওয়ায় Representation of the People Order, 1972 এর Article 91E এর Clause (2) এর বিধান অনুযায়ী মাননীয় নির্বাচন কমিশন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে প্রতিদ্বন্দ্বী প্রার্থী জনাব মোস্তাফিজুর রহমান চৌধুরী এর প্রার্থিতা বাতিলের সদয় সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

(১৭১৭)

মূল্য : টাকা ৪০০

০৩। এমতাবস্থায়, আপনার বিরুদ্ধে বর্ণিত নির্বাচনি অপরাধসমূহ সংঘটনের দায়ে Representation of the People Order, 1972 এর Article 91E এর Clause (2) এর বিধান অনুযায়ী, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে ২৯৩ চট্টগ্রাম-১৬ সংসদীয় আসনে আপনার প্রার্থীতা বাতিল করা হলো।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোঃ আব্দুছ সালাম

উপসচিব (আইন)।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd